

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২৩

আগরতলা, ৩ এপ্রিল, ২০২৪

পর্যটনকেন্দ্র জম্পুই হিল পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু আজ ত্রিপুরার অন্যতম পর্যটনকেন্দ্র জম্পুই হিল পরিদর্শন করেন। তিনি ভাঙমুনে ইডেন টুরিস্ট লজে পৌঁছালে তাঁকে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন স্বাগত জানান। উত্তর ত্রিপুরা জেলা পুলিশের পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু এর পর ত্রিপুরার সবচেয়ে উঁচু পর্বতশৃঙ্গ বেতলিৎশিপ পরিদর্শন করেন। রাজ্যপাল ফুলডংশাইতে জুডাই টুরিস্ট লজ, ভাঙমুনে সবচেয়ে পরিচ্ছন্ন গ্রামও পরিদর্শন করেন। গ্রাম এবং রাস্তা পরিচ্ছন্ন রাখার জন্য রাজ্যপাল গ্রামবাসীদের অভিনন্দন জানান।

জম্পুই হিল সফরে রাজ্যপালের সচিব ইউ কে চাকমা, পর্যটন দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস, উত্তর ত্রিপুরা জেলার পুলিশ সুপার, কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক এবং পদস্থ আধিকারিকগণ রাজ্যপালের সঙ্গে উপস্থিত ছিলেন। আজ সকালে ট্রেনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্লু কুমারঘাট স্টেশানে পৌঁছালে উনকোটি জেলার জেলাশাসক ডি কে চাকমা, জেলার পুলিশ সুপার কান্তা জাগির রাজ্যপালকে স্বাগত জানান। কুমারঘাট ডাক বাংলোতে পৌঁছালে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*